দৈনিক সংবাদ

তারিখ ... 25 JAN 1997 ...
পৃঃ ৩ কলাম ৬ ...

# বাউবি : বিএড পরীক্ষা পাসের মান ৩৬%

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫ ও '৯৬ সালের বি এড প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের পরীক্ষা পাসের মান বর্তমানে ৫০%-এর পরিবর্তে ৩৬% করা হয়েছে।

গতকাল ঢাকায় অনুষ্ঠিত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

পরীক্ষা পূর্ব ঘোষণা অনুযায়ী আগামী ২৮শে জানুয়ারি থেকে পুনরায় শুরু হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি বিজ্ঞপ্তির মাধ্যমে সংবাদপত্র, বাউবি'র রেডিও-টেলিভিশন অনুষ্ঠান, আঞ্চলিক কেন্দ্র ও পরীক্ষা কেন্দ্রসমূহ থেকে জানা যাবে।

নির্ধারিত সময়সূচি অনুযায়ী যে সকল কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়নি সে সকল কেন্দ্রের পরীক্ষার্থীদের পরীক্ষার সময়সূচি পরে জানানো হবে।

বি এড পরীক্ষার্থীদের অন্যান্য সমস্যাদি সমাধানের বিষয়টি কর্তৃপক্ষের সক্রিয় বিবেচনাধীন রয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।